Bangladesh

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, বিআরটিএ ভবন**
**নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।**
**(এনফোর্সমেন্ট শাখা)**
**www.brta.gov.bd**

২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।
(২য় প্রান্তিক)

সভাপতি ঃ মোঃ সরওয়ার আলম
পরিচালক (এনফোর্সমেন্ট)

সভার তারিখ ঃ ২৮.১১.২০২১খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান, চেয়ারম্যন বিআরটিএ মহোদয় জরুরি সরকারি কাজে অফিসের বাইরে থাকায়, সভাটি পরিচালনার দায়িত্ব তাঁকে প্রদান করেছেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যদের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরনী দৃঢ়করণ করা হয়। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ২য় কোয়ার্টারে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে এবং সভার সিদ্ধান্তের ৮০% সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রদান করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ<br>১.৪.১<br>ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮<br>খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯<br>গ) সরকারী চাকরী আইন, ২০১৮<br>১.৪.৩<br>ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪<br>খ) ই নথি<br>গ) তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমাণক (নোটিশ, হাজিরা শীট, সম্মানী ভাতা শীট ছবি ইত্যাদি) এনফোর্সমেন্ট শাখায় প্রদান করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) বিআরটিএ |
| ৩. | কর্ম পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)<br>(ক) অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজার এর ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে পরিবীক্ষণ।<br>(গ) পরিচ্ছন্নতা অভিযান | উপপরিচালক (প্রশাসন) সভায় জানিয়েছেন, অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে গত অক্টোবর ও নভেম্বর মাসে দ্বৈবচয়ন ভিত্তিতে যথাক্রমে ১০ অক্টোবর ও ২৪ নভেম্বর পরিদর্শন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে ডিসেম্বর/২০২১ মাসে একদিন দ্বৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন করা হবে। | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে ডিসেম্বর/২০২১ মাসে একদিন দ্বৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন করতে হবে। প্রমাণকসমূহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) বিআরটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিচালনা | | | |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ১ম প্রান্তিকের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের পূর্বে গত ০৭.১০.২০২১ খ্রি: তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ এবং বিআরটিএ-র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ওয়েবসাইটে আপলোডের প্রমাণক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার বিআরটিএ |
| ৫. | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ'র আওতাধীন বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর গত ২৭.১০.২০২১ খ্রি: তারিখে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | ফিডব্যাক প্রদানের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৬. | গণশুনাণী | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, আগামী ১৫ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুর বিআরটিএ অফিসে গণশুনাণী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা বিভাগীয় অফিসে পত্র প্রেরণ করতে হবে। | গণশুনাণী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা বিভাগীয় অফিসে পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৭. | ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৫০০টি অভিযান পরিচালনার জন্য ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২য় কোয়ার্টারে অক্টোবর হতে ২৫ নভেম্বর ২০২১ পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৪৩২ টি অভিযান পরিচালনা করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৮. | বিআরটিএ'র সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ২য় কোয়ার্টারে ৬০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২য় কোয়ার্টারে অক্টোবর হতে ২৫ নভেম্বর পর্যন্ত ৫৯ টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রকাশ করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৯. | মোটরযানের ফিটনেস সনদ নবায়নের নিমিত্ত সিস্টেম জেনারেটেড (Automated) আবেদন পত্র সরবরাহের মাধ্যমে সেবা সহজীকরণ | বিআরটিএ-র প্রোগ্রামার সভায় অবহিত করেন, মোটরযানের ফিটনেস সনদ নবায়নের নিমিত্ত সিস্টেম জেনারেটেড (Automated) আবেদন পত্র গত ১৮.০৭.২০২১ খ্রি: তারিখ থেকে সরবরাহ করা হচ্ছে। | মোটরযানের ফিটনেস সনদ নবায়নের নিমিত্ত সিস্টেম জেনারেটেড (Automated) আবেদন পত্র চালুকরণের প্রমাণক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (অপারেশন) বিআরটিএ |
| ১০. | ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বিশেষ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সরওয়ার আলম) ১/১২/২১
পরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৫০৪০৭১৪

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ৪৮৩

তারিখঃ ২-১২-২০২১ খ্রিঃ।

বিতরণঃ
১। সচিব/ পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপাঃ/রোড সেফটি/প্রশিক্ষণ) বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

অনুলিপিঃ
১। চেয়ারম্যান এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)।

০২/১২/২১
(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৮১৫৪৭০২২

C:\Users\User\Box\Marnuj\শুদ্ধাচার সংক্রান্ত সকল পত্র ও রেজুলেশন\শুদ্ধাচার ২০১৯-২০২০ রেজুলেশন.doc